

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.২৮৮.২০১৬-৮৭

তারিখঃ ২৬ মাঘ ১৪২৭
০৯ ফেব্রুয়ারি ২০২১


বিষয়ঃ “চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন গন্ডামারা ব্রীজ হতে গন্ডামারা বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে

সূত্রঃ ১) আইএমইডি’র স্মারক নং-২১.০০.০০০০.২৩৩.১৪.০৬৪.১৮.০৪; তারিখ: ১০/০১/২০২১।
২) পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.০০.০০০০.৩৪৬.০১৪.০২.২০১৬-১১; তারিখ: ০১/০২/২০২১।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন গন্ডামারা ব্রীজ হতে গন্ডামারা বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের মেয়াদকাল ০৬ (ছয়) মাস বৃদ্ধিপূর্বক আগস্ট ২০১৬ হতে ডিসেম্বর ২০২০ এর স্থলে আগস্ট ২০১৬ হতে জুন ২০২১ পর্যন্ত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে নির্দেশক্রমে পুনঃ নির্ধারণ করা হলোঃ

শর্তসমূহঃ

- (ক) প্রকল্পের অনুকূলে অর্থ চলতি ২০২০-২০২১ অর্থ বছরের আরএডিপি-তে অবশিষ্ট বরাদ্দ প্রদান সাপেক্ষে জুন ২০২১ এর মধ্যে প্রকল্পের অসম্পন্ন কার্যক্রম নির্ধারিত ব্যয়ের মধ্যে সম্পন্ন নিশ্চিত করতে হবে;
- (খ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে এক অঙ্গের অর্থ অন্য অঙ্গে ব্যয় করা যাবে না;
- (গ) প্রকল্পের মূল ডিপিপি অনুমোদনের পর দুই (০২) বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে এবং বর্তমানে এটি তৃতীয় বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব বিধায় পরবর্তীতে প্রকল্পটির বাস্তবায়ন সময়কাল আর বৃদ্ধির অবকাশ থাকবে না। ফলে বর্ধিত মেয়াদকালে প্রকল্পটি সমাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে বাস্তবায়নকারী মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিবিড় মনিটরিং করবেন;
- (ঘ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে চুক্তির সময়সীমা নবায়ন করতে হবে এবং
- (ঙ) আইএমইডি কর্তৃক সমাপ্তি মূল্যায়নের জন্য প্রকল্প সমাপ্তির নিত মাসের মধ্যে নির্ভুল তথ্য সম্বলিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ বিভাগে দাখিল করতে হবে।


(মুহাম্মদ আমিন শরীফ)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৮০১২

planning1.lgd@gmail.com

বিরতগ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৮। প্রধান, এনইসি ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৯। যুগ্মসচিব (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সিজিএভবন (৫ম তলা) সেগুনবাগিচা, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণায়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। হিবার রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। মহাপরিচালক/যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।